

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৭. ঈদ ও জুমু'আহ একই দিনে একত্র হলে

باب إِذَا وَافَقَ يَوْمُ الْجُمْعَةِ يَوْمَ عِيدٍ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ الْمُغِيرَةِ، عَنْ إِيَاسِ بْنِ أَبِي رَمْلَةَ الشَّامِيِّ، قَالَ شَهِدْتُ مُعَاوِيَةَ بْنَ أَبِي سُفْيَانَ وَهُوَ يَسْأَلُ زَيْدَ بْنَ أَرْقَمَ قَالَ أَشَهِدْتَ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم عِيدَيْنِ اجْتَمَعَا فِي يَوْمٍ قَالَ نَعَمْ. قَالَ فَكَيْفَ صَنَعَ قَالَ صَلَي الْجُمُعَةِ فَقَالَ " مَنْ شَاءَ أَنْ يُصِلِّي فَلْيُصِلِّ ".

\_ صحیح

#### বাংলা

১০৭০। ইয়াস ইবনু আবূ রামলাহ আশ্-শামী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মু'আবিয়াহ ইবনু আবূ সুফয়ান (রাঃ) যখন যায়িদ ইবনু আরক্কাম (রাঃ)-কে প্রশ্ন করছিলেন আমি তখন সেখানে উপস্থিত ছিলাম। মু'আবিয়াহ বললেন, আপনি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে একই দিনে দুই 'ঈদ (অর্থাৎ জুমু'আহ ও 'ঈদ) উদযাপন করেছেন। তিনি (যায়িদ) বললেন, হ্যাঁ। মু'আবিয়াহ (রাঃ) বললেন, তিনি তা কিভাবে আদায় করেছেন? যায়িদ ইবনু আরক্কাম বললেন, তিনি 'ঈদের সালাত আদায় করেছেন। অতঃপর জুমু'আহর সালাত আদায়ের ব্যাপার অবকাশ দিয়ে বলেছেনঃ কেউ জুমু'আহর সালাত আদায় করতে চাইলে আদায় করে নিবে।[1]

সহীহ।

## **English**

### Narrated Zayd ibn Arqam:

Ilyas ibn AbuRamlah ash-Shami said: I witnessed Mu'awiyah ibn AbuSufyan asking Zayd ibn Arqam: Did you offer along with the Messenger of Allah (ﷺ)



the Friday and 'Id prayers synchronised on the same day? He said: Yes. He asked: How did he do? He replied: He offered the 'Id prayer, then granted concession to offer the Friday prayer, and said: If anyone wants to offer it, he may offer.

### ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ একই দিনে দুই ঈদ একত্রিত হলে, হাঃ ১৩১০), নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদের দিনে জুমু'আহ হলে জুমু'আহ ত্যাগের অনুমতি সম্পর্কে, হাঃ ১৫৯০), আহমাদ (৪/৩৭২), দারিমী (হাঃ ১৬১২), ইবনু খুযাইমাহ (হাঃ ১৪৬৪) সকলে ইসরাইল হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন